দামুড়হুদায় উপজেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় উপজেলা আইন শৃঙ্খলা, চোরাচালান, সন্ত্রাস ও নাশকতা, মানব পাচার এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১০ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এই মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্র এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর, উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজোহা পলাশ, উপজেলা জামায়াতের আমীর নায়েব আলী।

এসময় উপজেলার বিজিবির বিভিন্ন ক্যাম্প কোম্পানির কমান্ডারবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিসহ আমন্ত্রিত অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা বলেন, আইনশৃঙ্খলা রক্ষা শুধু প্রশাসনের একার দায়িত্ব নয়, এটি একটি সমন্বিত প্রচেষ্টা। জনসচেতনতা ও সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে পারলে মাদক, সন্ত্রাস ও চোরাচালান প্রতিরোধ সহজ হবে। অবৈধ দখল, জমি নিয়ে বিরোধ ও সামাজিক সমস্যাগুলো সমাধানে প্রশাসন কঠোর অবস্থানে রয়েছে। আইন সবার জন্য সমান—এ বিষয়ে কাউকে ছাড় দেওয়া হবে না। মাদক ও সন্ত্রাস দমনে পুলিশ নিরলসভাবে কাজ করছে। এ ক্ষেত্রে জনসাধারণের সহযোগিতা অপরিহার্য। জনগণ যদি তথ্য দিয়ে পাশে থাকে, তাহলে অপরাধী যে-ই হোক না কেন, আইনের আওতায় আনা হবে। সীমান্তবর্তী এলাকায় চোরাচালান একটি বড় চ্যালেঞ্জ।

এ বিষয়ে পুলিশ, বিজিবি ও প্রশাসন সমন্বিতভাবে কাজ করছে। শীঘ্রই এ ধরনের অপরাধ কার্যকরভাবে নিয়ন্ত্রণে আনা সম্ভব হবে। রাজনৈতিক মতভেদ থাকলেও সমাজের কল্যাণে সবাইকে একসাথে কাজ করতে হবে। মাদক, সন্ত্রাস ও মানবপাচারের মতো সমস্যা কোনো রাজনৈতিক বিষয় নয়,

এটি সামাজিক সমস্যা। তাই রাজনৈতিক দলগুলোর ঐক্যবদ্ধ ভূমিকা প্রয়োজন। আইনশৃঙ্খলা রক্ষা, মাদক প্রতিরোধ ও মানবপাচার রোধে গণমাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

সংবাদপত্র সমাজের আয়না হিসেবে কাজ করে এবং মানুষের সচেতনতা তৈরিতে সহায়ক ভূমিকা রাখে। ধর্মীয় মূল্যবোধ মানুষকে সঠিক পথে চলতে সাহায্য করে। পরিবার থেকে সন্তানদের নৈতিক শিক্ষা দিলে তারা কখনো মাদক ও অপরাধে জড়াবে না। যুব সমাজকে সঠিকভাবে কাজে লাগাতে হবে। খেলাধুলা ও সৃজনশীল কার্যক্রমের মাধ্যমে তরুণ প্রজন্মকে ব্যস্ত রাখলে তারা অপরাধ থেকে দূরে থাকবে।